

ধর্ম সঙ্গীত

নব আনন্দে জাগ আজি, নবরবিকিরণে,
শুভ্র সুন্দর প্রীতি-উজ্জ্বল নির্মল জীবনে ।
উৎসারিত নবজীবননির্ব্বার উচ্ছ্বাসিত আশাগীতি,
অমৃত পুষ্পগন্ধ বহে আজি এই শান্তি পবনে ॥

পেয়েচি অভয়পদ আর ভয় করে,
আনন্দে চলেচি ভবপারাবার-পারে ।
মধুর শীতল ছায় শোক তাপ দূরে যায়,
করুণাকিরণ তাঁর অরুণ বিকাশে ।
জীবনে মরণে আর কভু না ছাড়িব তাঁরে ॥

ভয় হয় পাছে তব নামে আমি
আমারে করি প্রচার হে ।
মোহবশে পাছে ঘিরে আমায়, তব
নাম-গান-অহঙ্কার হে ॥
তোমার কাছে কিছু নাহি ত লুকানো,
অস্তুরের কথা তুমি সব জানো,
আমি কত দীন, আমি কত হীন,
কেহ নাহি জানে আর হে ॥

গান

ক্ষুদ্র কণ্ঠে যবে উঠে তব নাম
বিশ্ব শুনে তোমায় করে গো প্রণাম,
তাই আমার পাছে জাগে অভিমান,
গ্রাসে আমায় আঁধার হে,
পাছে প্রতারণা করি আপনারে,
তোমার আসনে বসাই আমারে,
রাখ মোহ হ'তে রাখ তম হ'তে,
রাখ রাখ বার বার হে ॥

বসে' আছি হে কবে শুনিব তোমার বাণী ।
কবে বাহির হইব জগতে, মম জীবন ধন্য মানি ॥
কবে প্রাণ জাগিবে, তব প্রেম গাহিবে,
দ্বারে দ্বারে ফিরি সবার হৃদয় চাহিবে,
নরনারী-মন করিয়া হরণ চরণে দিবে আনি ॥
কেহ শুনে না গান, জাগে না প্রাণ,
বিফলে গীত অবসান,
তোমার বচন করিব রচন সাধ্য নাহি নাহি ।
তুমি না কহিলে কেমনে কব
প্রবল অজ্ঞেয় বাণী তব,
তুমি যা বলিবে তাই বলিব, আমি কিছুই না জানি ;
তব নামে আমি সবারে ডাকিব, হৃদয়ে লইব টানি ॥
